গণ বিশ্ববিদ্যালয়ে কেন্দ্রীয় ছাত্র সংসদ নির্বাচন: নিরাপত্তা বিষয়ে সমন্বয় সভা



সংগৃহীত ছবি

আগামী ২৫ সেপ্টেম্বর গণ বিশ্ববিদ্যালয়ে (গবি) চতুর্থ কেন্দ্রীয় ছাত্র সংসদ নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। শান্তিপূর্ণ ও সুষ্ঠু ভোটের নিশ্চয়তার জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

গণ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আবুল হোসেনের সভাপতিত্বে সোমবার (১৫ সেপ্টেম্বর) উপাচার্যের সভাকক্ষে নির্বাচনকে ঘিরে নিরাপত্তা ও আইনশৃঙ্খলা সংক্রান্ত সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় কোষাধ্যক্ষ, রেজিস্ট্রার, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, প্রধান নির্বাচন কমিশনার, শৃঙ্খলা ও নিরাপত্তা কমিটির সদস্যরা উপস্থিত ছিলেন। এছাড়া পুলিশ, জাতীয় গোয়েন্দা সংস্থা (এনএসআই) ও আনসারসহ অন্যান্য উর্ধ্বতন আইনশৃঙ্খলা কর্মকর্তারা অংশগ্রহণ করেন।

সভায় নির্বাচনের দিন ক্যাম্পাসে নিরাপত্তা নিশ্চিত করার জন্য গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হয়। এর মধ্যে রয়েছে— পর্যাপ্ত আইনশৃঙ্খলা বাহিনী মোতায়েন, ভোটদানের সময় শিক্ষার্থীদের পরিচয়পত্র প্রদর্শন বাধ্যতামূলক করা, এবং ভোটগ্রহণ ও গণনা প্রক্রিয়া সিসি ক্যামেরার মাধ্যমে পর্যবেক্ষণ করা।

উল্লেখ্য, ২০১৮ সালের পর দীর্ঘ সাত বছর পর এই নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। ইতোমধ্যে চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করেছে নির্বাচন কমিশন। প্রশাসন নিশ্চিত করেছে, শিক্ষার্থীরা যেন নির্বিঘ্নে তাদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করতে পারে, তার জন্য সকল ব্যবস্থা নেওয়া হবে।